

SA
১৭.১২.১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
(প্রশাসন-১ শাখা)
www.molwa.gov.bd

স্মারক নম্বর-৪৮.০০.০০০০.০০১.৩১.০০৩.১৭-৭৮১

তারিখ ৩০ ভাদ্র ১৪২৪
১৪ সেপ্টেম্বর ২০১৭


অফিস আদেশ

রিট পিটিশন নং ৯৭২৭/২০১৭ এর মহামান্য হাইকোর্ট বিভাগের ২৪-০৮-২০১৭ তারিখের আদেশের প্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের গত ১৭ জুলাই ২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০১.৩১.০০৩.১৭-৬০৯ সংখ্যক স্মারক মোতাবেক প্রশাসক নিয়োগ সংক্রান্ত অফিস আদেশ প্রত্যাহার করা হলো।

০২। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ১৪-০৯-২০১৭ তারিখে অনুষ্ঠিত ৪৯তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ এর গঠনতন্ত্রের ১৬ (এ) ধারা মোতাবেক বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের পরবর্তী নির্বাচিত সংসদ গঠনের পূর্ব পর্যন্ত অন্তর্বর্তী সময়ের জন্য বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের এর প্রশাসক হিসেবে কার্যক্রম পরিচালনা করার নিমিত্ত জনাব দিলীপ কুমার বণিক, যুগ্মসচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়কে তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হলো। তিনি বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল এর আওতাধীন আর্থিক বিষয়াদিসহ দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করবেন।

০৩। একইসাথে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল এর ধারাবাহিকতা রক্ষার্থে গত ১৭ জুলাই ২০১৭ তারিখের ৪৮. ০০. ০০০০. ০০১. ৩১.০০৩.১৭-৬০৯ সংখ্যক স্মারকে নিয়োগকৃত প্রশাসক এর কৃতকার্যক্রমের বৈধতা প্রদান করা হ'ল।

০৪। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ জহুরুল হক)


উপসচিব (প্রশাসন)

টেলিফোনঃ ৯৫৬৬৬৪২

dsadmin1@molwa.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১ মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ০২ সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা/ প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ০৩ সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা/তথ্য মন্ত্রণালয়/জননিরাপত্তা বিভাগ/সেবা ও সুরক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪ বিভাগীয় কমিশনার..... (সকল)
- ০৫ ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮, মতিঝিল বা/এ, ঢাকা
- ০৬ মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, জাতীয় স্কাউট ভবন, ৬০, আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা
- ০৭ প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৮ জনাব দিলীপ কুমার বণিক, যুগ্মসচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৯ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ১০ জেলা প্রশাসক(সকল)
- ১১ প্রশাসক, জেলা/মহানগর মুক্তিযোদ্ধা সংসদ (সকল)।
- ১২ উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা-গেজেটের অতিরিক্ত সংখ্যায় ১,০০০ কপি প্রকাশের অনুরোধসহ।
- ১৩ সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৪ মাননীয় সভাপতির একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
- ১৫ উপজেলা নির্বাহী অফিসার..... (সকল)
- ১৬ প্রশাসক, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ..... (সকল)
- ১৭ সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (সংযুক্ত অফিস আদেশটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৮ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ১৯ অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
- ২০ যুগ্ম-সচিব (আইসিটি/সনদ, গেজেট ও প্রত্যয়ন/উন্নয়ন/ইতিহাস সংরক্ষণ, গবেষণা ও প্রকাশনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা


(মোঃ জহুরুল হক)
উপসচিব (প্রশাসন)